দুই গোষ্ঠীর দ্বন্দ্বে হাত ভাঙল দুর্গার, আহত দু'পক্ষে অন্তত ১০

নিজস্ব প্রতিবেদন, লাউদোহা: সোমবার দুর্গাপুর ফরিদপুর ব্লকের চন্দ্রডাঙা গ্রামের মিতালি সংঘ ষোল আনার দুর্গা প্রতিমা নিরঞ্জনের কর্মসূচি ছিল। দীর্ঘ ২৭ বছর ধরে এই পুজোটি চালিয়ে আসছেন গ্রামের চাষি সম্প্রদায়ের লোকেরা। কর্মসূচি মতো দুর্গা প্রতিমা ট্রাক্টরের চাপানো হয়েছিল, গ্রামবাসীদের একাংশের অভিযোগ, ঠিক সেই মুহূর্তে জনাকয়েক দুষ্কৃতী এসে ষোলআনা দুর্গাপুজো কমিটির লোকেদের ওপর হামলা চালায়। দু'পক্ষের ঝামেলায় দুর্গা প্রতিমার হাত ভেঙে যায় বলে অভিযোগ। পাশাপাশি দু'পক্ষের সংঘর্ষে উভয়পক্ষের ১০ জনের অধিক আহত বলেও জানা যায়। ঘটনায় উত্তেজনা বাড়ায় ঘটনাস্থলে

নামানো হয় প্রচুর পুলিশ বাহিনী। ঘটনাটি ঘটে সোমবার দুর্গাপুর ফরিদপুর ব্লকের চন্দ্রডাঙা গ্রামে দুপুর আড়াইটা নাগাদ।

স্থানীয় বাসিন্দা রাহুল পাল ও আনন্দ পালরা জানান, প্রতিমার নিরঞ্জন কর্মসূচি মতো তাঁরা প্রস্তুতি নিচ্ছিলেন, দুর্গা প্রতিমা গাড়িতে চাপানো হচ্ছিল, ঠিক সেই মুহূর্তে এলাকারই বেশ কয়েকজন দুষ্কৃতী মধ্যম অবস্থায় এসে তাদের ওপর হামলা চালায় ভাঙচুর করা হয় প্রতিমাও বলে অভিযোগ। দু'পক্ষের সংঘর্ষে ষোল আনার পক্ষের উদয় কুমার ঘোষ নামে ব্যক্তি গুরুতর আহত অবস্থায় দুর্গাপুরে বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন। ঘটনায় দু'পক্ষেরই দশজনের অধিক আহত বলে জানা যায়। সোমবারের ঘটনায় উত্তেজনা থাকায় মঙ্গলবার পর্যন্ত এলাকায় রয়েছে পুলিশ পিকেট।

সূত্র মারফৎ জানা যায়, সংঘর্ষে জড়িত গ্রামের এই দু'পক্ষই শাসকদলের কর্মী সমর্থক। পাশাপাশি ষোল আনা তথা মিতালি সংঘের পুজো কমিটির তরফে অভিযোগ, তাদের ওপর হামলার ঘটনায় জড়িত রয়েছে গোগলা পঞ্চায়েতের এক সদস্যার স্বামী। যদিও এই ব্যাপারে শাসকদলের তরফে কেউ মুখ খুলতে নারাজ।

নদীতে তলিয়ে কিশোরের মৃত্যু

নিজস্ব প্রতিবেদন, ঝাড়গ্রাম: মঙ্গলবার সাঁকরাইল ব্লকের নয়াগা এলাকায় নদীতে তলিয়ে রাহুল মাইতি নামে ১৪ বছরের এক কিশোরের মৃত্যু হয়েছে। রাহুল এদিন দুপুর নাগাদ তার দাদা বিশালের সঙ্গে বনপুরা এলাকায় ডলুং নদীতে স্নান করতে নামে। এরপর জলের তোড়ে দু'জনেই তলিয়ে যেতে থাকে। বিশাল কোনও রকমে ওপরে ওঠার পর রাহুলকে বাঁচানোর অনেক চেষ্টা করেও বাঁচাতে পারেনি। নদীর জলে তলিয়ে যায় রাহুল। স্থানীয়রা ঘটনাস্থলে দীর্ঘক্ষণ খোঁজার পর রাহুলের দেহ উদ্ধার করেন। ভাঙাগড় গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা রাহুলকে মৃত ঘোষণা করেন। জানা গিয়েছে, রাহুল বাইরে পড়াশোনা করত। পুজোর ছুটিতে বাড়ি এসেছিল।

বিধায়ক ও নিরাপত্তা কর্মীদের ওপর বিজেপির হামলায় ক্ষোভ তৃণমূলের

গ্রেপ্তার ২

নিজস্ব প্রতিবেদন, বসিরহাট: বসিরহাট দক্ষিণের বিধায়কের গাড়ির ওপর বিজেপি নেতা কর্মীদের হামলার জেরে হাসনাবাদ থানার সামনে তৃণমূলের প্রতিবাদ বিক্ষোভ। বিধায়কের লিখিত অভিযোগের ভিত্তিতে অর্জুন দাস ও সঞ্জয় দাস নামে দুই বিজেপি কর্মীকে গ্রেপ্তার করল হাসনাবাদ থানার পুলিশ। অন্যদের খোঁজে তল্লাশি চালাচ্ছে পুলিশ।

এই প্রসঙ্গে বিধায়ক অভিযোগ করেন, উত্তর ২৪ পরগনা বসিরহাট মহকুমার হাসনাবাদ থানার অন্তর্গত হাসনাবাদে ইছামতী নদীতে বিজয়া দশমীতে সামিল হতে গিয়েছিলেন বসিরহাট দক্ষিণের বিধায়ক ডাঃ সপ্তর্ষি বন্দ্যোপাধ্যায়। কাজ সেরে বাড়ি ফেরার পথে গাড়ির ওপর হামলা চালায় বিজেপি মহিলা কাউন্সিলর উমা মণ্ডল, কাউন্সিলরের স্বামী অরবিন্দু মণ্ডল ও কাউন্সিলের মেয়ে সহ একাধিক বিজেপি কর্মী সমর্থক। এমনকি বিজেপি নেত্রীর মেয়ে বিধায়কের গাড়ির বেয়নেটের ওপর উঠে অশালীন আচরণ করে।

প্রতিবাদে সোমবার সন্ধ্যাবেলায় হাসনাবাদ থানার সামনে প্রতিবাদ বিক্ষোভ দেখান তৃণমূল নেতাকর্মী সমর্থকরা। বিক্ষোভের পর হাসনাবাদ থানায় ৬ জনের নামে লিখিত অভিযোগ দায়ের করেন বিধায়ক ডাঃ সপ্তর্ষি বন্দ্যোপাধ্যায়। সেই অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করে হাসনাবাদ থানার পুলিশ। তদন্তে নেমে সোমবার রাতে দু'জনকে গ্রেপ্তার করেছে হাসনাবাদ থানার পুলিশ, তাদেরকে মঙ্গলবার বসিরহাট মহাকুমা আদালতে তোলা হলে বিচারক পুলিশি হেপাজতে নির্দেশ দেন। এই নিয়ে রীতিমতো চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। এই প্রসঙ্গে বিধায়ক বলেন, 'একটি সর্বভারতীয় দলের কাউন্সিল ও তাঁর পরিবার সহ দলীয় কর্মীরা যে অশালীন আচরণ করেছেন তা বাংলার সংস্কৃতি নয়। এর থেকেই বোঝা যায় বিজেপি দলকে কেন বাংলার মানুষ বারবার প্রত্যাখ্যান করেছে। এরা যদি বাংলার ক্ষমতায় আসে তবে বাংলার শিক্ষা সংস্কৃতি বলে আর কিছুই থাকবে না। বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের পুলিশ ঘটনার তদন্ত করছে। আমাদের বিশ্বাস অভিযুক্তরা যোগ্য সাজা পাবে।'

জুনিয়র চিকিৎসকদের আন্দোলনে পাশে থাকার বার্তা নাগরিক সমাজের

নিজস্ব প্রতিবেদন, বালুরঘাট: জুনিয়র চিকিৎসকদের আন্দোলনে পাশে থাকার বার্তা নাগরিক সমাজের। মঙ্গলবার সব বয়সের মানুষকেই বালুরঘাটে এই প্রতীকী অনশনে সামিল হতে দেখা যায়।

জানা গিয়েছে, তিলোত্তমার খুনিদের শাস্তি সহ আরও ১০ দফা দাবিতে জুনিয়র চিকিৎসকরা ধর্মতলায় আমরণ অনশন করছেন। তাঁদের প্রতি সংগতি জানিয়ে বালুরঘাটে নাগরিক সমাজের ডাকে এই ১২ ঘণ্টার প্রতীকী অনশন চলছে। এদিন দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাটে অবস্থিত জেলা মিউজিয়ামের বিপরীতে ১২ ঘণ্টা প্রতিটি অনশনে সামিল হয় নাগরিক সমাজ। সকাল ১০টা থেকে শুরু হওয়া এই প্রতীকী অনশন চলবে রাত দশটা পর্যন্ত।

এ বিষয়ে প্রতীকী অনশনের সামিল এক প্রতিবাদী জানান, 'আরজি করের ঘটনার পর থেকেই আমরা আন্দোলনে নেমেছিলাম বিভিন্ন সময়। কিন্তু তারপরেও রাজ্যের বিভিন্ন জায়গায় নারী নির্যাতনের ঘটনা সামনে আসছে। ৮ থেকে ৮০ কেউই এই বাংলায় নিরাপদ নয়। তাই আমরা ঠিক করেছি যতদিন পর্যন্ত না অভয়া ন্যায় বিচার পাচ্ছে, ততদিন এই প্রতিবাদ আমাদের চলবে।'

দুঃসাহসিক চুরি, চাঞ্চল্য কাঁকসায়

নিজস্ব প্রতিবেদন, কাঁকসা: দুঃসাহসিক চুরির ঘটনায় চাঞ্চল্য ছড়াল কাঁকসার বামুনারা এলাকার দুটি বহু তল আবাসনে। দু'টি আবাসনের ৩টি ফ্লোরে দরজার তালা ভেঙে লক্ষাধিক টাকার গয়না সহ নগদ টাকা চুরি করে দুষ্কৃতীর দল। মঙ্গলবার সকালে বহুতল আবাসনের বাসিন্দারা চুরির ঘটনার খবর পান। এরপরেই তারা কাঁকসা থানার পুলিশকে খবর দিলে কাঁকসা থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ঘটনার তদন্ত শুরু করে।

আবাসনের বাসিন্দারা জানিয়েছেন, সোমবার গভীর রাতে এই চুরির ঘটনা ঘটেছে। একদল দুষ্কৃতী আবাসনে ঢুকে ৩টি ফ্ল্যাটের দরজার তালা ভেঙে ঘরের ভিতরে ঢুকে ঘরের সমস্ত আলমারি খুলে তছনছ করে আলমারি থেকে নগদ টাকা সহ সোনার গয়না চুরি করে নিয়ে যায়। যে ফ্ল্যাট গুলোতে চুরি হয় সেই ফ্ল্যাটে কেউ না থাকার সুযোগ নিয়েই আবাসনে ঢোকে দুষ্কৃতীর দল। মঙ্গলবার সকালে আবাসনের বাসিন্দারা লক্ষ্য করেন দরজার তালা ভাঙা। এরপরেই ওই ফ্ল্যাটের মালিকদের খবর দেওয়া হয় ও পুলিশকে খবর দেওয়া হয়। আবাসনের ভেতরে কিভাবে দুষ্কৃতীদের দল ঢুকল সেই নিয়ে আবাসনের নিরাপত্তার বিষয়ে প্রশ্ন তুলেছেন সেখানকার বাসিন্দারা। সিসিটিভি ফুটেজ খ তিয়ে দেখে ঘটনার তদন্ত শুরু করেছে কাঁকসা থানার পুলিশ।

SBI

এসবিআই আর অ্যান্ড ডিবি আরএসিসি বসিরহাট শাখা (৬২৯৮৪)
ইটিন্দা রোড, বসিরহাট, পো. এবং থানা - বসিরহাট,
জেলা - উত্তর ২৪ পরগনা, পিন - ৭৪৩৪১১, ইমেল - sbi.62984@sbi.co.in

পরিশিষ্ট IV (রুল-৮(১)
দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, অনুমোদিত অফিসার হিসেবে নিম্নস্বাক্ষরকারী ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(১২) ধারা এবং তৎসহ পঠিতব্য ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৩ সংস্থান অধীনে **০১.০৮.২০২৪** তারিখে ঋণগ্রহীতা **টি কে এন্টারপ্রাইজ, স্বত্বাধিকারী তাঞ্জিলা বিবি, স্বামী আবদুস সামাদ মন্ডল, গ্রাম - নালকোরা মাঝেরপাড়া, পো-কার নালকোরা, থানা - বসিরহাট, জেলা - উত্তর ২৪ পরগনা, পিন নং - ৭৪৩৪১২, পশ্চিমবঙ্গ** নোটিশে উল্লিখিত পরিমাণ **১৮,০৬,৭৮১ টাকা (আঠার লাখ ছয় হাজার সাতশ একাশি টাকা) পুঞ্জীভূত সুদ ৮২,২৬৭ টাকা (বিরাশি হাজার দুশো সাতষট্টি টাকা) মোট বকেয়া ১৮,৮৯,০৪৮ টাকা (আঠার লাখ উননব্বই হাজার আটচল্লিশ টাকা) ৩১.০৭.২০২৪ অনুযায়ী এবং ০১.০৮.২০২৪ থেকে সুদ সহ** নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায়দানের জন্য এক দাবি নোটিশ ইস্যু করেছেন।
ঋণগ্রহীতা উক্ত বকেয়া পরিমাণ আদায়দানে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতা/জামিনদাতাগণ/ কর্পোরেট জামিনদাতা এবং সাধারণের প্রতি অবগত করা হচ্ছে নিম্নস্বাক্ষরকারী উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৪) ধারা এবং উক্ত ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে **১৫ অক্টোবর, ২০২৪ তারিখে** নিম্নোক্ত জামিনদত্ত সম্পত্তির স্বত্ব দখল করেছেন।
ঋণগ্রহীতা/জামিনদাতা/কর্পোরেট জামিনদাতাকে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে কোনওভাবেই সংশ্লিষ্ট সম্পত্তির লেনদেন না করতে এবং কোনওরূপ লেনদেন স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, নিকট বকেয়া **১৮,০৬,৭৮১ টাকা (আঠার লাখ ছয় হাজার সাতশ একাশি টাকা) পুঞ্জীভূত সুদ ৮২,২৬৭ টাকা (বিরাশি হাজার দুশো সাতষট্টি টাকা) মোট বকেয়া ১৮,৮৯,০৪৮ টাকা (আঠার লাখ উননব্বই হাজার আটচল্লিশ টাকা) এবং ০১.০৮.২০২৪ থেকে** পরবর্তী সুদ, ব্যয় ইত্যাদি সহ আদায়দান সাপেক্ষ।
ঋণগ্রহীতার অবগতির জন্য জানানো হচ্ছে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া আদায় দিয়ে জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।

স্থাবর সম্পত্তির বিবরণ

স্বত্বাধিকারী : তাঞ্জিলা বিবি, স্বামী আবদুস সামাদ মন্ডল, গ্রাম : নালকোরা মাঝেরপাড়া, পো: কর নালকোরা, থানা : বসিরহাট, জেলা : উত্তর ২৪ পরগনা, পিন : ৭৪৩৪১২, পশ্চিমবঙ্গ।
সংশ্লিষ্ট সকল অংশ জমি সম্পত্তি পরিমাণ আনুমানিক ৩ শতক ১.৮১৮ কাঠা, এবং তদস্থিত দোতলা বসবাসের ভবন মৌজা : ১২৩ নালকোরা, জেএলনং ১২৩, আরএস এবং এলআর দাগ নং ১৭৮৭, এলআর খতিয়ান নং ৮৪৫১, ওয়ার্ড ০২, হোল্ডিং নং ৯৬/১৮৩/১, বসিরহাট পুরসভা অধীন, দলিল নং ১-৮৪৪৭/২০১৬ এবং ১-৮৯১৯ -২০১৬ সালের, পো : কর নালকোরা, থানা : বসিরহাট, জেলা: উত্তর ২৪ পরগনা, পিন : ৭৪৩৪১২, পশ্চিমবঙ্গ।
চৌহদ্দি : **উত্তরে :** খালি জমি, **দক্ষিণে :** ১২ ফুট চওড়া সড়ক, **পূর্বে :** খালি জমি, **পশ্চিমে :** খালি জমি।

তারিখ - ১৫.১০.২০২৪, স্থান - বসিরহাট, উত্তর ২৪ পরগনা — অনুমোদিত অফিসার, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

বোড়হল সমবায় কৃষি উন্নয়ন সমিতি লিমিটেড
রেজিঃ নং-১৩৪, তারিখ-৩০/৯/১৯৬৩ গ্রাম-বোড়হল (জঙ্গলসুফী), পোঃ-সাতগড়া, হুগলী
Mob.-9647519335 (E-mail id:borhalskusltd@gmail.com)

**** বিশেষ সাধারণ সভার বিজ্ঞপ্তি ****

এতদ্বারা অত্র সমিতির সদস্য ও সদস্যাগণকে জানানো যাইতেছে যে, সমিতির পরিচালক মণ্ডলীর সদস্য / সদস্যা নির্বাচনের জন্য আগামী ইং ২৪/১১/২০২৪ তারিখ রবিবার (বাংলা ৮ই অগ্রাহায়ণ ১৪৩১) ভোট গ্রহণ করা হইবে। নির্বাচন ক্ষেত্র ও পরিচালক মণ্ডলীর সদস্য / সদস্যা সংখ্যার তালিকা বিজ্ঞাপ্তির সহিত দেওয়া হইল। সমগ্র নির্বাচন প্রক্রিয়া পঃ বঃ সমবায় আইন ২০০৬, পঃ বঃ সমবায় নিয়মাবলী ২০১১। তৎসংক্রান্ত সংশোধনী এবং সমবায় নির্বাচন কমিশন পশ্চিমবঙ্গ এর প্রনিয়ম অনুযায়ী সংঘটিত হইবে। নির্বাচনী নির্ঘন্ট বিজ্ঞপ্তির সহিত সংযোজিত হইল। নির্বাচন প্রক্রিয়ায় অংশগ্রহণ ও যথাসময়ে যথাস্থানে উপস্থিত হইয়া ভোটদানের জন্য অনুরোধ জানানো হইতেছে। ধন্যবাদান্তে- ইন্দ্রনীল মোহান্ত (সমবায় পরিদর্শক জাঙ্গিপাড়া ব্লক)। স্থান-বোড়হল, তাং-০৪.১০.২০২৪।

**** পরিচালক মণ্ডলীর সদস্য / সদস্যা সংখ্যা ও ভোটগ্রহণ কেন্দ্রের তালিকা ****

ক্রমিক সংখ্যা	নির্বাচক	পরিচালক মণ্ডলীর সদস্য / সদস্যা সংখ্যা	ভোটগ্রহণ কেন্দ্রের নাম
১	সমিতির চূড়ান্ত ভোটার তালিকা ভুক্ত সদস্য ও সদস্যাগণ	সাধারণ-৬ জন, মহিলা সংরক্ষিত- ২ জন তফসিলি জাতি/তফসিলি উপজাতি সংরক্ষিত-১ জন	সমিতির কার্যালয়

**** বিশেষ দ্রষ্টব্য ****

১। নির্বাচনে প্রার্থী হইবার জন্য পশ্চিমবঙ্গ সমবায় আইন ২০০৬ এবং নিয়মাবলী ২০১১ মোতাবেক যোগ্যতাবলী থাকিতে হইবে, ২। প্রার্থী প্রার্থীর প্রস্তাবক ও সমর্থক -এর নাম ভোটার তালিকায় থাকিতে হইবে, ৩। ভোটারকে তাহার পরিচয় প্রমাণ করিবার জন্য ভারতীয় নির্বাচন কমিশন স্বীকৃত প্রমাণ পত্র ভোটদানের জন্য প্রয়োজনে দেখাইতে হইবে । সমিতির কিষান ক্রেডিট কার্ড (ছবিযুক্ত) গ্রাহ্য, ৪। ভোটারকে প্রদত্ত নির্দিষ্ট সরঞ্জাম দিয়াই ভোটপত্রে ভোট দিতে হইবে, ৫। প্রার্থীর অনুপস্থিতিতে মনোনয়ন পত্র গ্রহণ, জমা দেওয়া, পরীক্ষা ইত্যাদি প্রার্থী কর্তৃক ক্ষমতা প্রাপ্ত নির্বাচনী এজেন্ট করিতে পারিবেন। নির্বাচনী এজেন্ট নিয়োগের নির্দিষ্ট ফর্ম সমিতি হইতে পাওয়া যাইবে, ৬। কো-অপারেটিভ ইলেকশন কমিশন, পঃবঃ এর প্রনিয়ম ইলেকশন এজেন্ট নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য, ৭। নির্বাচন প্রক্রিয়ায় রিটার্নিং অফিসার/ অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার এর সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে, ৮। ভোটার সর্বাধিক তার নির্বাচন ক্ষেত্রের প্রতিনিধি সংখ্যার সমান ভোট দিতে পারবেন। স্বাক্ষর- ইন্দ্রজিৎ ঘোষ (অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার বোড়হল কৃষি উন্নয়ন সমিতি লিঃ), স্বাক্ষর- ইন্দ্রনীল মোহান্ত (অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার বোড়হল কৃষি উন্নয়ন সমিতি লিঃ)।

ক্রমিক সংখ্যা	বিষয়	তারিখ	সময়	স্থান
১	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	২৭/০৯/২০২৪	বৈকাল ৪ টা	সমিতির অফিসগৃহ
২	পরিচালক মণ্ডলীর সদস্য / সদস্যা নির্বাচনের জন্য মনোনয়ন পত্র বিলি	২২/১০/২০২৪ হইতে ২৩/১০/২০২৪	বেলা ১২টা হইতে দুপুর ৩ টা পর্যন্ত	সমিতির অফিসগৃহ
৩	পরিচালক মণ্ডলীর সদস্য / সদস্যা নির্বাচনের জন্য মনোনয়ন পত্র জমা	২২/১০/২০২৪ হইতে ২৩/১০/২০২৪	বেলা ১২টা হইতে দুপুর ৩ টা পর্যন্ত	সমিতির অফিসগৃহ
৪	মনোনয়ন পত্র পরীক্ষা	২৫/১০/২০২৪	দুপুর ২টা হইতে	সমিতির অফিসগৃহ
৫	বৈধ মনোনয়ন পত্রের তালিকা প্রকাশ	২৫/১০/২০২৪	মনোনয়ন পত্র পরীক্ষার পর	সমিতির অফিসগৃহ
৬	মনোনয়ন পত্র প্রত্যাহার	২৬/১০/২০২৪	দুপুর ৩টার পূর্বে	সমিতির অফিসগৃহ
৭	চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ	২৬/১০/২০২৪	দুপুর ৩টার পরে	সমিতির অফিসগৃহ
৮	প্রার্থীদের সহিত সভা (প্রয়োজন থাকিলে)	০৫/১১/২০২৪	দুপুর ৩টা	সমিতির অফিসগৃহ
৯	পরিচালক মণ্ডলীর সদস্য / সদস্যা নির্বাচনের তারিখ	২৪/১১/২০২৪	বেলা ১২টা হইতে দুপুর ৩ টা পর্যন্ত	সংশ্লিষ্ট নির্বাচন বুথে
১০	ভোট গণনা	২৪/১১/২০২৪	নির্বাচনের অবহিত পরে	সংশ্লিষ্ট নির্বাচন বুথে
১১	পরিচালক মণ্ডলীর সদস্য / সদস্যা নির্বাচনের ফল প্রকাশ	২৪/১১/২০২৪	ভোট গণনার অবহিত পরে	সংশ্লিষ্ট নির্বাচন বুথে

স্বাক্ষর- ইন্দ্রজিৎ ঘোষ (অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার বোড়হল কৃষি উন্নয়ন সমিতি লিঃ),
স্বাক্ষর- ইন্দ্রনীল মোহান্ত (অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার বোড়হল কৃষি উন্নয়ন সমিতি লিঃ)।

এল&টি ফাইনান্স লিমিটেড
(পূর্বে, এল&টি ফাইনান্স হোল্ডিংস লিমিটেড)
রেজিস্টার্ড অফিস: এল&টি ফাইনান্স লিমিটেড, বৃন্দবন বিল্ডিং, প্লট নং 177, কালিনা, সিএসটি রোড, মার্সিডিজ শোরুমের কাছে, সান্তাক্রুজ (পূর্ব), মুম্বাই 400 098
CIN No.: L67120MH2008PLC181833
ব্রাঞ্চ অফিস: কলকাতা

L&T Finance

বন্ধকী সম্পত্তি বিক্রির জন্য পাবলিক অকশন

সিকিউরিটিজাইসেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইনান্সিয়াল অ্যাসেট্স অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন, 2002 [54 OF 2002]-এর অধীনে এল&টি ফাইনানাস লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক এবং উক্ত আইনের প্রদত্ত ক্ষমতা প্রয়োগে নিম্নলিখিত সম্পত্তির অকশন করা হচ্ছে **''যেখানে যেমন ভিত্তিতে'' এবং ''যেখানে যেমন অবস্থায় আছে''** এমন অবস্থায় **''পাবলিক অকশন''** করা হচ্ছে যাতে এর বকেয়া অর্থ এবং পরবর্তী সুদ, চার্জেস এবং মূল্য ইত্যাদি পুনরুদ্ধার করা যায়।

ঋণগ্রহণকারী এবং উপ-ঋণগ্রহণকারীর নাম	সুরক্ষিত সম্পত্তির ঠিকানা	লোন অ্যাকাউন্ট নম্বর (গুলি)	শারীরিক দখল নেওয়া	আর্নেস্ট মানি ডিপোজিট 10% বা আরপি-এর বেশি (টাকায়)	সর্বমোট বকেয়া আছে 12.10.2024 অনুসারে	রক্ষিত মূল্য (টাকায়)	ইনস্পেকশনের তারিখ	অকশনের তারিখ এবং সময়
1) অমূল্যরতন পাণ্ডা 2) মণিবালা পাণ্ডা 3) মেসার্স অভীক এন্টারপ্রাইস (সহ-ঋণগ্রহীতা) (ইহার মালিক অমূল্য পাণ্ডা মাধ্যমে)	অনুসূচি-I সমস্ত খণ্ড ও অংশ সম্পত্তির ঠিকানা : ''দীপালি'' হিসাবে পরিচিত G+4 আবাসনিক ইমারতের প্রায় 850 বর্গফুট সুপার বিল্ট আপ আয়তন পরিমাপের গ্রাউণ্ড ফ্লোরে (5 বছরের পুরনো), একটা সেল্ফ কন্টেণ্ড, ইনডিপেণ্ডেন্ট, ভিট্রিফ্রাইড টাইলস ফিনিশড আবাসনিক ফ্ল্যাট নং G-1 আছে এবং যেটা অবস্থিত এখানে - প্লট নং 31, কালিন্দী হাউসিং স্কীম, থানা লেকটাউন, কোলকাতা 700089, হোল্ডিং নং বি-24, কোলকাতা-যশোর রোড, কালিন্দী - বি, সার্কেল নং IV, মিউনিসিপ্যাল ওয়ার্ড নং 19, মৌজা কালিদহ, এ.ডি.এস.আর. বিধাননগর, সল্টলেক সিটি, কোলকাতা, যেটা দক্ষিণ দমদম পৌরসভার পৌরসভা সীমার মধ্যেই, জেলা - উত্তর 24 পরগণা, যা একত্রে অবিভক্ত, নিরপেক্ষ আনুপাতিক জমির ভাগীদারি। জমির সীমানা: উত্তর — প্লট নং 25; দক্ষিণ — পৌরসভার 30 ফুট চওড়া রাস্তা; পূর্ব — প্লট নং 32; পশ্চিম — প্লট নং 30	KOLHL18000141 KOLHL19000254 H0471407112209445 2 KOLHL18000143	01/10/2024	টাঃ 2,73,700/-	টাঃ 33,55,005.47/-	টাঃ 27,37,000/-	আগাম অ্যাপয়েন্টমেন্ট সহ সমস্ত কাজের দিন সকাল 10টা থেকে বিকেল 5টা 30 পর্যন্ত	22.11.2024 থেকে বেলা 12টা থেকে দুপুর 2টো পর্যন্ত

পাবলিক অকশনের নিয়ম এবং শর্তাবলি

1. ই-অকশন সেল পরিচালিত হবে অনলাইনে অনুমোদিত আধিকারিক দ্বারা উক্ত ওয়েবসাইটের মাধ্যমে https://sarfaesi.auctiontiger.net/EPROC/ - এ SARFAESI অহিনের বধানের অধ নে সাহায্যের সাথে এবং পাবলিক ই-অকশনের মোডে।
2. পাবলিক ই-অকশনটি পরিচালিত হবে উপরে উল্লেখিত তারিখ এবং সময় অনুসারে, যখন উপরে উল্লেখিত সম্পত্তিটি বিক্রি হবে **''যেখানে যেমন ভিত্তিতে'' এবং ''যেখানে যেমন অবস্থায় আছে''** এমন অবস্থায় ।
3. পাবলিক ই-অকশনে অংশগ্রহণে, আগ্রহী ক্রেতা / দরদাতাদের উক্ত সুরক্ষিত সম্পত্তির সংরক্ষিত মূল্যের ফেরতযোগ্য আর্নেস্ট মানি ডিপোজিটের 10% পেমেন্টের বিস্তারিত বিবরণের কপি জমা করতে হবে, সেই সঙ্গে প্যানকার্ডের কপি, কোম্পানির হলে বোর্ড রিসোলিউশন্স এবং ঠিকানার প্রমাণপত্র **21/11/2024**-এর মধ্যে জমা করতে হবে।
4. সমস্ত অন্যান্য ইএমডি দরদাতা যাঁরা পাবলিক ই-অকশনে সাফল্য লাভ করবেন না তাঁরা এল অ্যান্ড টি ফাইনান্স-এর থেকে 7 দিনের মধ্যে টাকা ফেরত পাবেন পাবলিক ই-অকশন বন্ধ হওয়ার পরে। ইএমডি কোনও সুদ প্রদান করবে না।
5. সাফল্যমন্ডিত ক্রেতা / দরদাতাকে 25% ডিপোজিট টাকা জমা দিতে হবে (ইএমডি সহ) তাঁর প্রাপ্ত অফার পাওয়ার জন্য ডি.ডি. / পি.ও. ''এল&টি ফাইনান্স লিমিটেড''-এর নামে যা প্রদান করতে হবে মুম্বাইতে যা **22/11/2024**-তারিখের 18:00 ঘণ্টার মধ্যে বা আগে, ই-অকশন-এর দিন বা পরবর্তী কাজের দিনে যা হল **23/11/2024**, যার ডিপোজিট প্রাপ্তি নির্দিষ্ট করবে এল&টি ফাইনান্স লিমিটড, বিক্রি ব্যর্থ হলে তা ব্যর্থ বলে গণ্য করা হবে এবং সাফল্যমন্ডিত দরদাতার ইএমডি বাজেয়াপ্ত করা হবে। ব্যালেন্স অ্যামাউন্ট যা হল ক্রয় মূল্যের 75% প্রদান করতে হবে ক্রেতাকে এল&টি ফাইনান্স লিমিটেড-কে স্থাবর সম্পত্তির বিক্রির নিশ্চিতকরণের পনেরো দিনের আগে বা বর্তমান আইন অনুসারে বর্ধিত সময়কালে।
6. সম্পত্তির পরিদর্শনের জন্য বা আরও তথ্য জানার জন্য, সম্ভাব্য দরদাতা অনুমোদিত আধিকারিকের সঙ্গে যোগাযোগ করতে পারেন যার **নাম - আশীষ সাহা, যোগাযোগ নং. 9800868054 এল&টি ফাইনান্স লিমিটেড, 15তম তলা, PS সৃজন টেক পার্ক, প্লট 52, ব্লক DN, সল্টলেক সেক্টর V, কলকাতা 700091, পশ্চিমবঙ্গ এবং সন্তোষ তিওয়ারি, যোগাযোগ নং. 992068054, এল&টি ফাইনান্স লিমিটেড, অফিস: 6ষ্ঠ তলা, বৃন্দাবন বিল্ডিং, প্লট নং 177, কালিনা, সিএসটি রোড, মার্সিডিজ শোরুমের কাছে, সান্তাক্রুজ (পূর্ব), মুম্বাই - 400 098.** ই-অকশনের যে-কোনও স্তরে অনুমোদিত আধিকারিক নিলামটি বা অফার টি স্বীকার করতে বা প্রত্যাখান করতে বা সংশোধন করতে বা বাতিল করতে বা স্থগিত রাখতে পারেন ই-অকশন কোনও কারণ না দেখিয়ে এবং কোনও পূর্ব ঘোষণা ছাড়াই।
7. সফল ক্রেতা বা নিলামকারী বহন করবেন যে-কোনও বিধিবদ্ধ বকেয়া, ট্যাক্সেস, প্রদানযোগ্য ফীজ, স্ট্যাম্প ডিউটি, রেজিস্ট্রেশন ফীজ ইত্যাদি যা তাঁকে প্রদান করতে হবে সম্পত্তি পাওয়ার জন্য বা তাঁর নামে নিষ্কৃত করার জন্য প্রযোজ্য আইন অনুসারে।
8. ঋণগ্রহণকারী বা গ্যারেন্টার্স, যাঁরা উক্ত বকেয়ার জন্য দায়বদ্ধ, তাঁরা এই সেল নোটিশকে একটা নোটিশ বা বিজ্ঞপ্তি বলে গ্রহণ করবেন সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস-এর অনুসারে রুলস 8 (6)-এর অধীনে, উপরে উল্লেখিত পাবলিক ই-অকশনটি ধারণ করার ক্ষেত্রে।
9. ঋণগ্রহণকারী(গণ) / উপ-ঋণগ্রহণকারী(গণ) / গ্যারেন্টার(গণ) / মর্টগেজার বা বন্ধকদাতাদের আহ্বান জানানো হচ্ছে সমগ্র বকেয়া লোন বা ঋণ অ্যামাউন্টটি প্রদান করতে উপরে উল্লেখিত ই-অকশনের তারিখের আগে তা না হলে এল&টি ফাইনান্স লিমিটেড এই সম্পত্তি বিক্রি করার অধিকারী হবেন এসএআরএফএইএসআই-এর আইন, 2002-এর নির্ধারিত বিধান অনুসারে।
10. ঋণগ্রহণকারী(গণ) / উপ-ঋণগ্রহণকারী(গণ) / গ্যারেন্টার(গণ) / মর্টগেজার(গণ) / জনগণক এতৎদ্বারা সংযত থাক